

বিষয়ঃ The Code of Criminal Procedure, 1898 এর 35A ধারার বিধান অনুসরণ প্রসঙ্গে।


The Code of Criminal Procedure, 1898 এর 35A ধারা অনুযায়ী শাস্তি কেবলমাত্র মৃত্যুদণ্ড এরূপ অপরাধ ব্যতীত অন্যান্য অপরাধের ক্ষেত্রে সশ্রম বা বিনাশ্রম যে কোনো প্রকারের কারাদণ্ড প্রদানক্রমে প্রচারিত রায় বা আদেশে আসামীর মামলা বিচারাধীন থাকা অবস্থায় আসামী কর্তৃক কারা হেফাজতে থাকা/অবস্থানরত সময়কাল তার মোট দণ্ডের সময়কাল হতে বিয়োগ (deduct) হবে। যদি একই অপরাধের জন্য মামলা বিচারাধীন থাকা অবস্থায় আসামীর কারা হেফাজতে থাকা/অবস্থানরত সময় মোট দণ্ডের সময়কালের অধিক হয়, তবে আসামী তার দণ্ড ভোগ সম্পন্ন করেছে বলে গণ্য হবে এবং অন্য কোনো অপরাধের কারণে কারাগারে আটক রাখার প্রয়োজন না হলে অবিলম্বে তাকে মুক্তি প্রদান করতে হবে। এরূপ ক্ষেত্রে আসামীকে যদি কারাদণ্ডের অতিরিক্ত অর্থদণ্ড প্রদান করা হয় তাহলে আসামীর উক্ত অর্থদণ্ড মওকুফ হয়েছে মর্মে গণ্য হবে।

২। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, অনেক ক্ষেত্রেই আদালত ও ট্রাইব্যুনালের রায়ে কারাদণ্ডপ্রাপ্ত আসামীর মোট কারাদণ্ডের সময়কাল হতে মামলা বিচারাধীন থাকা অবস্থায় আসামীর কারা হেফাজতে থাকা/অবস্থানরত সময়কাল বিয়োগের বিষয়ে কোনো প্রকার নির্দেশনা প্রদান করা হচ্ছে না বা হলেও সাজা পরোয়ানায় (Conviction Warrant) তা উল্লেখ করা হচ্ছে না। ফলে কারা কর্তৃপক্ষ আসামীর দণ্ডের মোট মেয়াদ হতে মামলা বিচারাধীন থাকা অবস্থায় আসামীর কারা হেফাজতে অবস্থানকালীন সময়কাল বিয়োগ করা হতে বা উক্ত সময়কাল কারাদণ্ডের মোট মেয়াদ হতে অধিক হলে আসামীকে তাৎক্ষণিকভাবে মুক্তি প্রদান করতে (যদি না অন্য অপরাধে তাকে কারাগারে আটক রাখা আবশ্যিক হয়) কিংবা ক্ষেত্রমতে, কারাদণ্ডের অতিরিক্ত অর্থদণ্ড মওকুফ গণ্য করা হতে বিরত থাকছে, যা আইনগত বিধি বিধানের লংঘন।

৩। এমতাবস্থায়, ফৌজদারী মামলায় আদালত ও ট্রাইব্যুনালসমূহ-কে আসামীকে দোষী সাব্যস্তক্রমে কারাদণ্ড প্রদান করতঃ প্রদত্ত রায় বা আদেশে এবং সাজা পরোয়ানায় কারা কর্তৃপক্ষের প্রতি The Code of Criminal Procedure, 1898 এর 35A ধারার বিধান মতে সশ্রম বা বিনাশ্রম যে কোনো প্রকারের কারাদণ্ডপ্রাপ্ত আসামীর মোট কারাদণ্ডের সময়কাল হতে মামলা বিচারাধীন থাকা অবস্থায় আসামীর কারা হেফাজতে থাকা/অবস্থানরত সময়কাল বাদ দেওয়ার এবং উক্ত সময়কাল কারাদণ্ডের মোট মেয়াদ হতে অধিক হলে আসামীকে তাৎক্ষণিকভাবে মুক্তি প্রদান (যদি না অন্য অপরাধে তাকে কারাগারে আটক রাখা আবশ্যিক হয়) ও কারাদণ্ডের অতিরিক্ত অর্থদণ্ড মওকুফ গণ্য করার আদেশ সুস্পষ্টভাবে রায়ে ও সাজা পরোয়ানায় উল্লেখ করার নির্দেশ প্রদান করা গেল।

৪। সর্বোপরি The Code of Criminal Procedure, 1898 এর 35A ধারার বিধান মতে আদালত ও ট্রাইব্যুনালসমূহের রায় বা সাজা পরোয়ানায় (Conviction Warrant) কোনো কারাদণ্ড প্রাপ্ত আসামীর মামলা বিচারাধীন থাকা অবস্থায় কারা হেফাজতে থাকা/অবস্থানরত সময় বিয়োগের (deduct) বিষয়/নির্দেশনা উল্লেখ না থাকলেও কারা কর্তৃপক্ষ কর্তৃক উক্ত আইনের বিধান মতে আসামীর মোট কারাদণ্ড হতে মামলা বিচারাধীন থাকা অবস্থায় আসামী কর্তৃক কারা হেফাজতে থাকা/অবস্থানরত সময় বাদ দিতে এবং উক্ত সময়কাল কারাদণ্ডের মোট মেয়াদ হতে অধিক হলে আসামীকে তাৎক্ষণিকভাবে মুক্তি প্রদান (যদি না অন্য অপরাধে তাকে কারাগারে আটক রাখা আবশ্যিক হয়) ও কারাদণ্ডের অতিরিক্ত অর্থদণ্ড মওকুফ গণ্য করতে আইনত কোনো বাধা নেই।

৫। উল্লেখ্য যে, যদি একজন আসামী একই সময়ে একাধিক বিচারাধীন মামলায় আটক হয়ে কারা হেফাজতে অবস্থান করে, সেক্ষেত্রে প্রত্যেক মামলায় আসামী কবে প্রথম গ্রেফতার হয়ে কারা হেফাজতে অবস্থান করা শুরু করেছে এবং/অথবা জামিনের শর্ত ভঙ্গের জন্য গ্রেফতার হয়ে সময়ে সময়ে কারাগারে অবস্থান করেছে তার মোট সময়কাল প্রত্যেক মামলার মোট কারাদণ্ডের মেয়াদ হতে বিয়োগ (deduct) করতে হবে। কেননা, একজন আসামী প্রতিটি আলাদা মামলায় যে কারাদণ্ড প্রাপ্ত হয়, তার প্রত্যেকটির ক্ষেত্রে 35A ধারায় প্রদত্ত সুবিধা ভোগ করতে অধিকারী। আরো উল্লেখ্য যে, 63 DLR (AD) 18 মামলার 41 নম্বর প্যারা ও 60 DLR (2008) 363 মামলার রায়ের আলোকে The Code of Criminal Procedure, 1898 এর 35A ধারার বিধান ভূতাপেক্ষভাবে প্রয়োগযোগ্য বিধায় ফৌজদারী কার্যবিধিতে 35A ধারা সংযুক্তির পূর্বে যে সব মামলা দায়ের হয়ে চলমান আছে সে সব মামলার প্রত্যেক আসামী এ ধারায় প্রদত্ত সুবিধা ভোগের অধিকারী হবেন।



(আবু সৈয়দ দিলজার হোসেন)

রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ

ফোনঃ ৯৫১৪৬৪৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, জন নিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

